

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৪৫.০০১.২০১৮/৭২৬৬

তারিখ ১৪ শ্রাবণ ১৪২৬ বাংলা  
২৯ জুলাই, ২০১৯খ্রি:

**বিষয়ঃ** বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের প্রভাষক পর্যায়ে কর্মকর্তাগণের চাকুরী স্থায়ীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের প্রভাষক পর্যায়ে কর্মকর্তাগণের চাকুরী স্থায়ীকরণের লক্ষ্যে নির্দিষ্ট তথ্য ছক (০২ কপি) ও নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদন আগামী ০২/০৯/২০১৯খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্মকর্তাকে দৃষ্টি আকর্ষণ করে ডাকযোগে অথবা সরাসরি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩০ নম্বর কক্ষে জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না।

**প্রয়োজনীয় কাগজপত্রাদি :**

- ১। প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নপত্র ( ১ কপি);
- ২। নিয়োগ প্রজ্ঞাপনের সত্যায়িত কপি ( জনপ্রশাসন মন্ত্রণালয়) (১ কপি);
- ৩। প্রথম পদায়নের সত্যায়িত কপি (শিক্ষা মন্ত্রণালয়) ( ১ কপি);
- ৪। প্রথম যোগদানের সত্যায়িত কপি ( আর্টিকেল-৪৭) ( ১ কপি);
- ৫। বিভাগীয় পরীক্ষায় অংশ গ্রহণের প্রবেশপত্রের সত্যায়িত কপি (১ কপি);
- ৬। বিভাগীয় পরীক্ষা পাসের গেজেটের সত্যায়িত কপি (১ কপি);
- ৭। বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনী সনদের সত্যায়িত কপি ( ১ কপি);
- ৮। বিভাগীয় মামলা নেই মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যায়ন পত্র ( ১ কপি);
- ৯। চাকুরী নিয়মিতকরণের কপি (১ কপি); (আত্তীকৃত কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য, [উল্লেখ্য যে, আত্তীকৃত কর্মকর্তাগণ চাকুরী নিয়মিতকরণের প্রজ্ঞাপনের তারিখ হতে ০২ (দুই) বছর পূর্ণ হওয়া সাপেক্ষে চাকুরী স্থায়ীকরণের জন্য আবেদন করতে পারবেন।]
- ১০। বেসরকারি নিয়োগ ও যোগদানের সত্যায়িত কপি (আত্তীকৃত কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য) (১ কপি);
- ১১। নিজ ক্যাডার আইডি নম্বর উল্লেখ পূর্বক চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত নির্ধারিত সংযুক্ত তথ্যছক (২ কপি, পূরণকৃত);
- ১২। হালনাগাদ পিডিএস (১ কপি);

[বি: দ্র: অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে প্রেরিত চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত আবেদন বিবেচিত হবে না এবং কোন প্রকারের তথ্য গোপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা নিজে দায়ী থাকিবেন।]

ড. শাহ মো: আশির আলী-৪৭৪১

উপপরিচালক (কলেজ-১)

ফোন: ৯৫৫৮৫০৫।

**বিতরণ**

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/এনসিটিবি/সকল বোর্ড/ডিআইএ/নায়েম/এইচএসটিআই/বিএমটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিসের প্রভাষক পর্যায়ে কর্মকর্তাগণকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
- ৩। সংরক্ষণ নথি।